

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬: ১৭১

💵 আরবি মূল আয়াত:

إِلَّا عَجُوزًا فِي الغبرِينَ ﴿١٧١﴾

পেছনে অবস্থানকারিণী এক বৃদ্ধা ছাড়া। — আল-বায়ান এক বৃদ্ধা ছাড়া। সে ছিল পেছনে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত। — তাইসিরুল এক বৃদ্ধা ব্যতীত, সে ছিল পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত। — মুজিবুর রহমান

Except an old woman among those who remained behind. — Sahih International

১৭১. এক বৃদ্ধ ছাড়া(১), যে ছিল পিছনে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত।

(১) এখানে उर्नेट বলে লুত 'আলাইহিস সালাম-এর স্ত্রীকে বোঝানো হয়েছে। সে কওমে লুতের এই কুকর্মে সম্মত ছিল এবং কাফের ছিল। সূরা আত-তাহরীমে নূহ ও লুত আলাইহিমোস সালামের স্ত্রীদের সম্পর্কে বলা হয়েছেঃ "এ মহিলা দুটি আমার দু'জন সৎ বান্দার গৃহে ছিল। কিন্তু তারা তাঁদের সাথে বিশ্বাসঘাতকতা করে।"[১০] অর্থাৎ তারা উভয়ই ছিল ঈমান শূন্য এবং নিজেদের সৎ স্বামীদের সাথে সহযোগিতা করার পরিবর্তে তারা তাদের কাফের জাতির সহযোগী হয়। এজন্য আল্লাহ যখন লুতের জাতির উপর আযাব নাযিল করার ফায়সালা করলেন এবং লুতকে নিজের পরিবার পরিজনদের নিয়ে এ এলাকা ত্যাগ করার হুকুম দিলেন তখন সাথে সাথে নিজের স্ত্রীকে সংগে না নেবার হুকুমও দিলেন: "কাজেই কিছু রাত থাকতেই আপনি নিজের পরিবার-পরিজনদেরকে সাথে নিয়ে বের হয়ে যান এবং আপনাদের কেউ যেন পেছন ফিরে না তাকায়। কিন্তু আপনার স্ত্রীকে সংগে করে নিয়ে যাবেন না। তাদের ভাগ্যে যা ঘটবে তারও তাই ঘটবে।" [সূরা হুদঃ ৮১]

তাফসীরে জাকারিয়া

(১৭১) এক বৃদ্ধা ব্যতীত, যে ছিল ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভুক্ত। [1]

[1] এ বৃদ্ধা বলতে লূত (আঃ)-এর বৃদ্ধা স্ত্রীকে বুঝানো হয়েছে; যে মুসলিম ছিল না। তাকেও তাঁর জাতির সঙ্গে ধ্বংস করা হয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন